

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ১৪, ২০২১

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিয়মে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

বিজ্ঞাপন

তারিখ : ১৪ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ/২৮ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং ৩০-আইন/২০২১।—বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ (২০১২ সনের ১৯নং আইন) এর ধারা ৬৯ এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রবিধানমালার তপশিল এর—

(১) ক্রমিক নং ৫, ৬, ৭, ৮, ৯ ও ১০ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত “অনুর্ধ্ব ৩০ বৎসর” শব্দগুলি ও সংখ্যার পরিবর্তে “অনুর্ধ্ব ৩৫ বৎসর” শব্দগুলি ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে ; এবং

(২) ক্রমিক নং ১১ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“সিনিয়র ইঞ্জিনিয়ার	অনুর্ধ্ব	পদোন্নতির মাধ্যমে	পদোন্নতির ক্ষেত্রে:
(কেমিক্যাল)	৩৫	তবে পদোন্নতিযোগ্য	(ক) ইঞ্জিনিয়ার (কেমিক্যাল) পদে অন্তন ৫
	বৎসর	প্রার্থী পাওয়া না গেলে	(পাঁচ) বৎসরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা ; এবং
		সরাসরি নিয়োগের	(খ) কোনো স্বীকৃত দেশি ও বিদেশি জর্জালে
		মাধ্যমে।	অন্তন ২ (দুই) টি করে মোট ৪ (চার) টি গবেষণা প্রকাশনা।

(৫৩১৫)

মূল্য : টাকা ৮.০০

সরাসরি নিয়োগের ক্ষেত্রে:

- (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে পিএইচডি ডিগ্রি; অথবা
- (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে এমফিলসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তৰ্ভুক্ত অন্তর্ভুক্ত ৩ (তিনি) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; অথবা
- (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে এমএস বা এমইসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তৰ্ভুক্ত ৪ (চার) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং
- (খ) সমগ্র শিক্ষা জীবনে অন্তৰ্ভুক্ত ৩ (তিনি) টি ১ম বিভাগ বা প্রেমি বা সমমানের সিজিপএসহ উত্তীর্ণ।”।

কর্তৃপক্ষের আদেশক্রমে

**ওকৌশলী মোঃ মোজাম্বেল হক
চেয়ারম্যান।**